

104434 - নামাযে যে ব্যক্তি ইফতিরিশ পদ্ধতিতে বসতে পারে না সে কিভাবে বসবে?

প্রশ্ন

নামাযে যে ব্যক্তি ইফতিরিশ পদ্ধতিতে বসতে পারে না এই অজুহাতে যে, এটি কষ্টকর; সে কিভাবে বসবে?

প্রিয় উত্তর

নামাযের তিন স্থানে ইফতিরিশ পদ্ধতিতে বসা মুসল্লির জন্য মুস্তাহাব:

১। দুই সেজদার মাঝখানে।

২। যদি দুই তাশাহুদ বিশিষ্ট নামায হয় তাহলে প্রথম তাশাহুদের বৈঠকে।

৩। যদি এক তাশাহুদ বিশিষ্ট নামায হয়; যেমন দুই রাকাতবিশিষ্ট নামায; তাহলে তাশাহুদের বৈঠকে।

ইফতিরিশ মানে: ডান পায়ের আঙ্গুলের ওপর পায়ের পাতাকে খাড়া করে রেখে বাম পাকে বিছিয়ে এর উপরে বসা।

এক্ষেত্রে নারীর বসাও পুরুষের মত। যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: “তোমরা আমাকে যেভাবে নামায পড়তে দেখ সেভাবে নামায পড়।”[সহিহ বুখারী (৬৩১)] নর-নারী সবাইকে অন্তর্ভুক্ত করছে।

এভাবে বসা নামাযের একটি সুন্নত আমল; ওয়াজিব নয়। যে ব্যক্তি এভাবে বসল সে এর সওয়াব পাবেন। আর যে ব্যক্তি এভাবে বসতে পারল না; তার কোন গুনাহ হবে না।

স্থায়ী কমিটির ফতোয়াসমগ্রতে (৬/৪৪৬) এসেছে: “সুন্নত হলো ব্যক্তি দুই সেজদার মাঝখানে তার বাম পাকে বিছিয়ে এর উপর বসবে; আর ডান পাকে খাড়া করে রাখবে। প্রথম তাশাহুদের বৈঠকেও এভাবে করবে। আর শেষ তাশাহুদের বৈঠকের ক্ষেত্রে সুন্নত হলো: তাওয়াররুক পদ্ধতিতে বসা। সেটা হলো: বাম পায়ের পাতাকে ডান পায়ের গোছার নীচে রেখে নিতম্বের ওপরে বসা। এগুলো সব মুস্তাহাব। যদি কোন মুসল্লি প্রথম বৈঠকে তাওয়াররুক করেন, আর শেষ বৈঠকে ইফতিরিশ করেন তাতেও তার নামায বাতিল হয়ে যাবে না।”[সমাণ্ড]

যদি কোন ব্যক্তি স্বাস্থ্যবান হওয়ার কারণে ইফতিরিশ পদ্ধতিতে বসতে না পারেন কিংবা বসতে গিয়ে তার পায়ের পাতায় ব্যথা হয়... কিংবা অন্য কোন কারণে বসতে না পারেন; তাহলে তার সুবিধামত পদ্ধতিতে বসতে কোন আপত্তি নেই। যেহেতু আল্লাহ তাআলা বলেন: “তোমরা সাধ্যমত আল্লাহকে ভয় কর”।[সূরা তগাবুন, আয়াত: ১৬] এবং যেহেতু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যদি আমি তোমাদেরকে কোন নির্দেশ দিই তাহলে তোমরা সাধ্যমত সেটি পালন করবে।”[সহিহ বুখারী (৭২৮৮) ও সহিহ মুসলিম (১৩৩৭)]

‘আসনাল মাতালিব’ কিতাবে (১/১৬৪) বলা হয়েছে: “নামাযের বৈঠকগুলোতে যেভাবেই বসুক না কেন; আদায় হয়ে যাবে। তবে উত্তম হলো শেষ বৈঠকগুলোতে তাওয়ারফুক পদ্ধতিতে বসা; আর অন্য বৈঠকগুলোতে ইফতিরশ পদ্ধতিতে বসা।”[সংক্ষেপে সমাপ্ত]

আল্লাহ্ই সর্বজ্ঞ।